

হাঁটবো কত আর

কতটা তুমি দিতে পারো কতটা দেবে আরও
এখনও আমি স্বপ্ন দেখি এখনও নই কারও
আকাশ থেকে আকাশ নেমে এসেছে চোখে মুখে
এখনও শুই চাঁদের বুকো অশাস্ত্রীয় সুখে

ওখানে নয় ওখানে নয় ভেঙেছি তবু ঘর
ব্রহ্মচারী হয়েছি তবু কেঁপেছে পঞ্জর

আমি কি তবে মুঠোয় নেব বাড়িয়ে দেওয়া হাত
অন্ধকারে থেকেও তবু মাখিনি কোনও রাত

লোহার ঘর হয়নি তবু লখীন্দর যায়
বেহুলা ভেলা গিয়েছে ভেসে অন্য যাত্রায়

সেখানে নেই লোকসভার গুপ্তচর দল
শরীর থেকে পরে না বাড়ে লবণ মাখা জল

এখনও হেঁটে গিয়েছি তবু হাঁটার কত আর
বাসর থেকে চিতায় হেঁটে গিয়েছি বারবার

আর্য সেন

